গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা।
www.dme.gov.bd

মোঃ সাইফুল ইসলাম
উপ-পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.৪০৩

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৯
২১ জুলাই ২০২২

বিষয়: **পটুয়াখালী জেলার দুমকী উপজেলাধীন দক্ষিণ মুরাদিয়া মহিলা ফাজিল মাদ্রাসার এমপিওশীটে মাদ্রাসাটির উপজেলার নাম (পটুয়াখালী সদর/PATUAKHALI SADAR এর স্থলে দুমকী/DUMKI) সংশোধন প্রসঙ্গে।**

সূত্র: (১) বর্ণিত মাদ্রাসার স্মারক নং-দমুমফামা/২২/০৯; তা: ২২/০৩/২০২২
(২) UNO, দুমকী, পটুয়াখালী এর স্মারক নং-০৫.১০.৭৮৫৫.০০০.০৩.০০৫.২১-২০১; তা: ২৮/০৩/২২
(৩) USEO, দুমকী, পটুয়াখালী এর স্মারক নং-৩৭.০২.৭৮.৫৫.০০০.০০.০৮৭.২১/৮৩১; তা: ২৮/০৩/২২
(৪) UNO, পটুয়াখালী সদর, পটুয়াখালী এর স্মারক নং-০৫.১০.৭৮৯৫.০০২.১০.০৪৮.২২-১৭১; তা: ১১/০৪/২২
(৫) USEO, পটুয়াখালী সদর, পটুয়াখালী এর স্মারক নং-উমাশিঅ/পটু-সদর/২১৭-১/২২/১৮৫; তা: ২৯/০৩/২২
(৬) তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.২৩০.২১-১৪২ তা: ১৮/০৭/২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার দুমকী উপজেলাধীন দক্ষিণ মুরাদিয়া মহিলা ফাজিল মাদ্রাসার এমপিওশীটে মাদ্রাসাটির উপজেলার নাম (পটুয়াখালী এর স্থলে দুমকী) সংশোধনের আবেদন সূত্রোস্থ ২,৩,৪ ও ৫নং স্মারকে অত্র অধিদপ্তরে অগ্রায়ন করা হয় (সংযুক্ত)।

২। অধ্যক্ষের আবেদন, অগ্রায়ণ পত্র এবং সংযুক্ত ডকুমেন্টস্ পর্যালোচনা করে দেখা যায় যে, বর্ণিত মাদ্রাসাটি ইতোপূর্বে পটুয়াখালী সদর উপজেলার অন্তর্ভুক্ত ছিল বিধায়, এমপিওশীটে মাদ্রাসাটির উপজেলা পটুয়াখালী সদর রয়েছে। পরবর্তীতে দুমকী নামে নব গঠিত উপজেলা গঠিত হলে মাদ্রাসাটি নব গঠিত দুমকী উপজেলার অন্তর্ভূক্ত হয় মর্মে সূত্রোস্থ ২,৩,৪ ও ৫নং স্মারকে উল্লেখ করা হয়েছে। বিধায়,বর্ণিত মাদ্রাসার এমপিওশীটে বিদ্যমান উপজেলা **"পটুয়াখালী সদর" এর স্থলে "দুমকী"** প্রতিস্থাপনের জন্য অধ্যক্ষ কর্তৃক আবেদন করা হয়েছে।

৩। ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন কপি ও চলমান কমিটির কপিতে মাদ্রাসার উপজেলার নাম দুমকী উল্লেখ আছে।

৪। উপজেলার নাম সংক্রান্ত আনুষাঙ্গিক ডকুমেন্টস যাচাই/তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামত প্রমাণকসহ প্রতিবেদন প্রদানের জন্য জনাব মো: আফাজ উদ্দীন, সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদ্রাসা) ও ড. মো: আবুল কালাম আজাদ পরিদর্শক (সিলেট বিভাগ) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে যাচাই/তদন্ত কর্মকর্তা হিসেবে নিয়ুক্ত করা হলে তাঁরা নিম্নোক্ত রুপে মতামত/সুপারিশ প্রদান করেন:-

**"ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত অধিভুক্তি নবায়ন কপি ও চলমান কমিটির কপিতে বর্ণিত মা দ্রাসার উপজেলার নাম দুমকী উল্লেখ আছে। বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষের আবেদন ও গভর্নিং বডির সুপারিশ, উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী সদর, উপজেলা নির্বাহী অফিসার, দুমকী, পটুয়াখালী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পটুয়াখালী সদর, এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুমকী, পটুয়াখালী এর সুপারিশের আলোকে দক্ষিণ মুরাদিয়া মহিলা ফাযিল মাদ্রাসার এমপিওশীটে মাদ্রাসার উপজেলার নাম "দুমকী" প্রতিস্থাপনের জন্য সুপারিশ করা হলো।"**

৫। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মাদ্রাসার উপজেলার নাম সক্রান্ত তথ্য নিম্নরূপঃ

| মাদ্রাসার নাম, ঠিকানা, EIIN NO, INSTITUTION`S NO (এমপিও কোড) | এমপিওশীটে মুদ্রিত উপজেলা/থানার নাম | চাহিত সঠিক উপজেলা/থানার নাম | মন্তব্য |
|---|---|---|---|
| দক্ষিণ মুরাদিয়া মহিলা ফাযিল মাদ্রাসা, দুমকী, পটুয়াখালী, EIIN NO-102202,INSTITUTION`S NO(এমপিওকোড)-6606152201 | পটুয়াখালী সদর (PATUAKHALI SADAR) | দুমকী (DUMKI) | এমপিওশীটে বর্ণিত মাদ্রাসার উপজেলার নাম 'দুমকী (DUMKI)' সংশোধনযোগ্য। |

৬। এমতাবস্থায়, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত অধিভুক্তি নবায়ন কপি ও চলমান কমিটির কপি, উপজেলা নির্বাহী অফিসার, দুমকী,

পটুয়াখালী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুমকী, পটুয়াখালী, উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী সদর, পটুয়াখালী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পটুয়াখালী সদর, পটুয়াখালী কর্তৃক পদত্ত প্রত্যয়ন, অধ্যক্ষের অগ্রায়ন এবং তদন্ত কর্মকর্তাদের সুপারিশ মোতাবেক নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে পটুয়াখালী জেলার দুমকী উপজেলাধীন দক্ষিণ মুরাদিয়া মহিলা ফাজিল মাদ্রাসার এমপিওশীটে মাদ্রাসাটির উপজেলার নাম দুমকী (DUMKI) হিসেবে সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনা মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বাস্তবায়ন প্রতিবেদন (compliance report) দাখিল করা জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত তথ্য ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। বর্ণিত মাদ্রাসার উপজেলার নাম সংশোধন করা হলে **কোন প্রকার বকেয়া দাবি করা যাবে না।**

৫। পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদি ভুল/মিথ্যা/জাল প্রমণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিক অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরূপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবেনা।

সংযুক্তি: বর্ণনামতে (১৬) ফর্দ।

২১-৭-২০২২
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৪১০৩০১৫৯
ইমেইল: dg@dme.gov.bd

পরিচালক (প্রশাসন ও অর্থ) ও প্রকল্প পরিচালক, মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাপনা ও ইনফরমেশন সিস্টেম (মেমিস),
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.৪০৩/১(৫)

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৯
২১ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩) সভাপতি/অধ্যক্ষ, দক্ষিণ মুরাদিয়া মহিলা ফাযিল মাদ্রাসা,, দুমকী, পটুয়াখালী।

৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুমকি, পটুয়াখালী।

৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

২১-৭-২০২২
মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক